



অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 8/12/2023

গভর্নর ক্যাথি হোকল

### গভর্নর ক্যাথি হোকলের বিবৃতি

"ন্যাশনাল ওয়েদার সার্ভিস (National Weather Service) নিউ ইয়র্কে, বিশেষ করে সাউদার্ন টিয়ার এবং ওয়েস্টার্ন হাডসন ভ্যালির কিছু অংশে মারাত্মক আবহাওয়ার ঝুঁকির মাত্রা আপডেট করায় আমি স্টেটের সব সংস্থাকে উচ্চ সতর্কতায় থাকার নির্দেশ দিয়েছি। এর ফলে উল্লেখযোগ্য বজ্রপাত, আকস্মিক বন্যা, প্রবল বাতাস, বিদ্যুৎ হ্রাস এবং এমনকি সম্ভাব্য টর্নেডো হতে পারে। হোমল্যান্ড সিকিউরিটি অ্যান্ড ইমার্জেন্সি সার্ভিসেস বিভাগ (Division of Homeland Security and Emergency Services, DHSES) এই ঝড়গুলোকে নিবিড়ভাবে পর্যবেক্ষণ করছে এবং ইউটিলিটি ক্রুরা যেকোনো বিদ্যুৎ বিভ্রাট মোকাবেলায় পাশে রয়েছে। এই প্রভাবিত অঞ্চলে নিউ ইয়র্কবাসীদের সতর্ক থাকা গুরুত্বপূর্ণ: আপনার স্থানীয় পূর্বাভাস পর্যবেক্ষণ করুন, সকল ইলেকট্রনিক্স সঠিকভাবে চার্জ করা হয়েছে কিনা তা নিশ্চিত করুন এবং অপ্রত্যাশিত পরিস্থিতিতে সরবরাহ প্রস্তুত করুন।"

###

আরো সংবাদ এখানে পাওয়া যাবে: [www.governor.ny.gov](http://www.governor.ny.gov)  
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | [press.office@exec.ny.gov](mailto:press.office@exec.ny.gov) | 518.474.8418